# অন্তর্বর্তী সরকারের সময়ে বিক্ষোভের নামে ১২৩ সংগঠনের ১৬০৪ বার সড়ক অবরোধ: স্বরাষ্ট্র উপদেষ্টা




সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের ক্ষমতা গ্রহণের পর থেকে আন্দোলন ও বিক্ষোভের নামে রাজধানীতে ১ হাজার ৬০৪ বার সড়ক অবরোধ করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.)। এর ফলে জনদুর্ভোগ চরমে পৌঁছেছে বলে মন্তব্য করেছেন তিনি। রবিবার (৩১ আগস্ট) সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির সভা শেষে এক ব্রিফিংয়ে তিনি এসব তথ্য জানান।

উপদেষ্টা বলেন, এই সড়ক অবরোধগুলো ১২৩টি ভিন্ন ভিন্ন সংগঠন দ্বারা সংঘটিত হয়েছে, যা রাজধানীতে তীব্র যানজটের সৃষ্টি করছে। তিনি আরও বলেন, তার মন্ত্রণালয় এর আগে অনুরোধ করেছিল যে, যেকোনো ধরনের সমাবেশ বা বিক্ষোভ যেন সোহরাওয়ার্দী উদ্যান বা নির্দিষ্ট মাঠের মতো খোলা জায়গায় করা হয়, যাতে সাধারণ মানুষের ভোগান্তি না হয়। তিনি জোর দিয়ে বলেন, প্রতিবাদ করার অধিকার সবার আছে, কিন্তু তা যেন জনদুর্ভোগের কারণ না হয়।

আসন্ন জাতীয় নির্বাচন নিয়েও কথা বলেন স্বরাষ্ট্র উপদেষ্টা। তিনি বলেন, একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজন নির্ভর করে নির্বাচনে অংশগ্রহণকারী রাজনৈতিক দলগুলোর ওপর। তিনি জানান, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নির্বাচনকালীন নিরাপত্তা ও আইনশৃঙ্খলা বজায় রাখার জন্য সম্পূর্ণভাবে প্রস্তুত। তবে তিনি রাজনৈতিক দলগুলোকে জনগণের অবাধ ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করার আহ্বান জানান।

তিনি আরও বলেন, ফ্যাসিস্ট সরকারের পতনের পর রাজনৈতিক দলগুলোর মধ্যে যে ঐক্য ছিল, তা বজায় রাখা জরুরি। জাতির বৃহত্তর স্বার্থে গণতন্ত্রের পথে উত্তরণের জন্য সবাইকে ক্ষুদ্র ব্যক্তি ও দলীয় স্বার্থ ত্যাগ করে ঐক্যবদ্ধ থাকতে হবে। কারণ, ঐক্যে ফাটল ধরলে 'ফ্যাসিস্টের দোসররা' সেই সুযোগে বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে।

ব্রিফিংয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনি এবং আইজিপি বাহারুল আলমসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।